

শিবিরের সন্ত্রাস ও ছাত্রলীগ নেতাকে হত্যার নিন্দা

আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভানেত্রী সৈয়দা জোহরা তাজউদ্দিন ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনির হোসেন আনু এক বিবৃতিতে চট্টগ্রামে শিবিরকর্মীদের শশস্ত্র হামলায় স্থানীয় ছাত্রলীগ নেতা পলিটেকনিক ছাত্র সংসদের নাট্য সম্পাদক মোহাম্মদ আলী জিয়াহর হত্যাকাণ্ডের তীব্র নিন্দা এবং হানলিকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।

তারা বলেন, বর্তমান সরকারের প্রত্যক্ষ ছত্রছায়ায় ৭১ এর পরাজিত শক্তি জামাত-শিবির (শেষ পৃ: ৪-এর ক: ম:)

শিবিরের সন্ত্রাস

(১ম পাতার পর)

চক্র শিক। প্রতিষ্ঠানসমূহে পুঁজু সন্ত্রাস চালিয়ে যাচ্ছে। ইতিমধ্যেই জামাত-শিবিরের অস্ত্রধারী গুণীদের শশস্ত্র হামলায় দেশের বহু স্থানে বহু নিরীহ প্রগতিশীল ছাত্রকর্মী নিহত হয়েছেন। তারা চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়কে অস্ত্রাগারে পরিণত করে শিক্ষার পরিবেশ নষ্ট করে উপাচার্যসহ শিক্ষকসমাজকে অপমানিত ও লাঞ্চিত করে শিক্ষাঙ্গণের পরিবেশ ও পবিত্রতা ধ্বংস করেছে।